



# রামকৃষ্ণপুর ডিগ্রি কলেজ

হোমনা, কুমিল্লা

## আচরণবিধি

একজন আদর্শ শিক্ষার্থীর পরিচয় কেবল তার উত্তম ফলাফলেই নয়, সামগ্রিক আচার-আচরণ, নীতি-নৈতিকতা ও নিয়ম-শৃঙ্খলা মেনে চলার উপরও নির্ভর করে। তাই প্রত্যেক ছাত্র-ছাত্রীর জন্য নিম্নোক্ত আচরণ-বিধি অবশ্যই পালনীয়:

1. শিক্ষার্থীদেরকে সবসময় সহপাঠীদের সাথে মানবিক, ভদ্র, বিনয়ী ও শালীন আচরণ করতে হবে।
2. শিক্ষার্থীদেরকে কলেজের সকল শিক্ষক ও কর্মকর্তা কর্মচারীর প্রতি যথাযথ সম্মান ও শ্রদ্ধা প্রদর্শন করতে হবে। শিক্ষকদের যে কোনো বৈধ আদেশ মেনে চলতে হবে। অন্যথায় তা মারাত্মক অসদাচরণ হিসেবে গণ্য হবে।
3. মেয়েরা সাদা এপ্রোন, সাদা পাজামা/সালোয়ার ও সাদা কেডস এবং ছেলেরা সাদা শার্টের সাথে নেভি ব্লু প্যান্ট ও সাদা কেডস পরিধান করবে। সকল শিক্ষার্থীকে অবশ্যই তাদের জন্য নির্ধারিত ড্রেসকোড মেনে কলেজে আসতে হবে। ইউনিফর্ম ব্যতীত কোনো শিক্ষার্থী কলেজ ক্যাম্পাসে প্রবেশ করতে পারবে না।
4. প্রতি শ্রেণির জন্য মেয়েদের মধ্য থেকে একজন এবং ছেলেদের মধ্য থেকে একজন শ্রেণি প্রতিনিধি বা CR (Class Representative) মনোনয়ন দেয়া হবে। CR গণ অন্য শিক্ষার্থীদের সহযোগিতায় শ্রেণি কক্ষের শৃঙ্খলা, পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখা, ক্লাস শুরু আগে জানালাগুলো খোলা এবং ক্লাস শেষে জানালাগুলো বন্ধ করা ইত্যাদি কাজসহ শিক্ষকের নির্দেশনাসমূহ অন্য শিক্ষার্থীদেরকে জানানোর কাজ করবে।
5. ছেলেরা চুল ছোটো এবং মার্জিতভাবে রাখবে এবং মেয়েরা ছাত্রীসুলভ সাজসজ্জার অতিরিক্ত সাজসজ্জা করবে না।
6. ক্লাসরুম, বারান্দা, ল্যাবরেটরী, পরীক্ষার হল এবং কলেজ প্রাঙ্গণে কঠোর নিরবতা বজায় রাখতে হবে। এমনকি ছুটির পরে বা টিফিনের সময়ও উচ্চস্বরে কথা বলা বা হৈচৈ করা যাবে না।
7. ক্লাস চলাকালে কোন শিক্ষার্থী ক্লাসের বাইরে থাকতে পারবে না।
8. কলেজে কোনোক্রমেই এন্ড্রয়েড/স্মার্টফোন নিয়ে প্রবেশ করা যাবে না।
9. ক্লাস শুরু হওয়ার কমপক্ষে ৫ মিনিট পূর্বে শ্রেণিকক্ষে প্রবেশ করতে হবে এবং শিক্ষক ক্লাসে প্রবেশ করার পরে কোনো শিক্ষার্থীকে প্রবেশ করতে দেয়া হবে না।
10. পিছিয়ে পড়া শিক্ষার্থীরা এক্সট্রা ক্লাসে অংশগ্রহণ করতে বাধ্য থাকবে।
11. শ্রেণি শিক্ষকের ক্লাসে আসতে ২ মিনিটের বেশি দেরি হলে CR অনতিবিলম্বে দায়িত্বপ্রাপ্ত শিক্ষক অথবা অধ্যক্ষ মহোদয়কে অবগত করবে এবং শিক্ষকের অবর্তমানে শ্রেণিকক্ষের শৃঙ্খলা বজায় রাখবে।
12. শিক্ষার্থীরা কলেজের সম্পত্তির যত্ন নেবে এবং প্রাঙ্গণকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবে।
13. শিক্ষার্থীরা অবশ্যই ক্লাস পরীক্ষাসহ সকল পরীক্ষায় অংশগ্রহণ করবে। অন্যথায় জরিমানাসহ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
14. পাঠ শিখন এবং অগ্রগতিতে শিক্ষার্থীরা পরস্পরকে আন্তরিকভাবে সহযোগিতা করবে। তবে পরীক্ষার সময় উত্তরপত্র লিখার ক্ষেত্রে একে অপরকে সহযোগিতা করাকে অথবা নকল করাকে মারাত্মক অসদুপায়, অসদাচরণ, অনৈতিক ও ঘৃণ্য কাজ হিসেবে বিবেচনা করবে। এধরনের কর্মকাণ্ডে জড়িত শিক্ষার্থীকে কঠোর শাস্তি প্রদান করা হবে এমনকি বহিষ্কার করা হতে পারে।
15. শিক্ষার্থীরা সকল প্রকার কলহ বিবাদ থেকে দূরে থাকবে। কোনো সমস্যা হলে তৎক্ষণাৎ অধ্যক্ষ অথবা দায়িত্বরত শিক্ষককে জানাতে হবে। কোনো প্রকার মারামারিতে জড়িয়ে পড়লে উভয়পক্ষকে কলেজ থেকে বহিষ্কার করা হবে।
16. ইভ-টিজিং কঠোরভাবে নিষিদ্ধ এবং ইভ-টিজারদেরকে কলেজ থেকে বহিষ্কার করা হবে।
17. কলেজ ক্যাম্পাসে ধুমপান ও রাজনৈতিক আলোচনা সম্পূর্ণ নিষিদ্ধ।
18. বহিরাগত কোনো বন্ধু বান্ধব নিয়ে কোনো শিক্ষার্থী কলেজ ক্যাম্পাসে প্রবেশ করলে সেটি গুরুতর অপরাধ হিসেবে বিবেচিত হবে।
19. অধ্যক্ষের অনুমতি ব্যতীত কোনো শিক্ষার্থী কলেজ ত্যাগ করতে পারবে না।
20. কলেজের প্রশাসনিক সকল আদেশ ও নিয়ম কানুন মেনে চলতে হবে।
21. কোনো শিক্ষার্থী ক্লাসে ৭৫% এর কম উপস্থিত থাকলে এবং সমাপনী পরীক্ষায় উত্তীর্ণ না হলে তাকে কোনোক্রমেই পরবর্তী শ্রেণিতে উন্নীত করার জন্য বিবেচনা করা হবে না।
22. আচরণবিধি প্রতিপালনে সেরা তিনজন ছাত্র এবং তিনজন ছাত্রীকে বাৎসরিকভাবে পুরস্কৃত করা হবে।

### বহিষ্কার/ভর্তি বাতিল:

নিম্নোক্ত যে কোনো কারণে পূর্ব সতর্কীকরণ ছাড়াই কলেজ কর্তৃপক্ষ কোনো শিক্ষার্থীর ভর্তি বাতিল করতে পারে:

১. কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে দীর্ঘ অনুপস্থিতি।
২. অভ্যন্তরীণ পরীক্ষায় অনুপস্থিত থাকা।
৩. অসদাচরণ করা।
৪. আইন-শৃঙ্খলা বিরোধী কাজ করা।
৫. কলেজের নিয়ম কানুন ভঙ্গ করা।

আমি \_\_\_\_\_ এই মর্মে অঙ্গীকার করছি যে, এই কলেজে অধ্যয়নকালে সর্বদা সর্বান্তকরণে উপরোক্ত আচরণবিধি ও নিয়ম-কানুন মেনে চলবো। অন্যথায় কলেজ কর্তৃপক্ষের যে কোনো শাস্তি মেনে নিতে বাধ্য থাকবো।

শিক্ষার্থীর স্বাক্ষর

মোবাইল:

অভিভাবকের স্বাক্ষর

মোবাইল: